



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৫.১৮-১৮৮

তারিখঃ ১১ শ্রাবণ ১৪২৭  
২৬ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং- ১৭৫৭৬/২০১৭ মামলায় গত ১৭.০৫.২০১৮ খ্রি. তারিখের প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপিল দায়েরসহ রায় স্থগিতকরণ সংক্রান্ত।

সূত্র: DTE এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২০.পলি:ইপ:১৯ (স্টেপ),১৩৩৮

তারিখ: ২৭.০৩.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকমূলে জানানো হয়েছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এর মাধ্যমে বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটে ওয়ার্কসপ সুপার/ইনস্ট্রাক্টর/জুনিয়র ইনস্ট্রাক্টর পদে প্রকল্পকালীন সময়ে খন্ডকালীন চুক্তিভিত্তিকে নিয়োগের নীতিমালা মোতাবেক নিয়োগকৃত জনাব আব্দুল্লাহ-আল-মাহমুদ, ওয়ার্কসপ সুপার (পাওয়ার), খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা এবং অন্যান্যসহ (মোট ১২০ জন) তাদের চাকুরি "বিদ্যমান ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের আধুনিকীকরণ ও ১৮টি নতুন পলিটেকনিক স্থাপন প্রকল্প" এর অনুরূপ বিবেচনায় রাজস্বখাতে আত্মীকরণ / বদলির নিমিত্ত মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ দায়ের করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৭.০৫.১৮ খ্রি. তারিখে ১৩টি মামলার সাথে (ক্রমিক নং-২) রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ মামলার রায়/নিষ্পত্তি আদেশে ---the concern authority are directed to regularize/absorb/transfer the petitioners under the revenue budget to concern Ministry of the Government in accordance with law --- উল্লেখ করা হয়।

০৩। রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ এর মহামান্য আদালতের গত ১৭/০৫/২০১৮ খ্রি. তারিখের রায়/নিষ্পত্তিকরণের আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আপিল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মামলার সার্টিফাইড কপিসহ অন্যান্য কাগজপত্রাদি গত ১৭.০৭.১৮ তারিখে সলিসিটর উইং-এ প্রেরণ করা হয়।

০৪। বিজ্ঞ সলিসিটর কর্তৃক উক্ত মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের জন্য বিজ্ঞ আইনজীবী জনাব হেলাল আমিন-কে এডভোকেট অন রেকর্ড (এ.ও.আর) হিসেবে নিয়োগ দেয়া হয়। রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ মামলার রায়/আদেশের বিরুদ্ধে মহামান্য আপিল বিভাগে আপিল মামলা নং-৩৮২৪/২০১৮ দায়ের করা হয়। উক্ত আপিল মামলায় ১১.০২.১৯ তারিখের শুনানিতে আগামী ১৯.০৭.১৯ তারিখ পর্যন্ত শুনানির মূলতবির আদেশ প্রদান করা হয়।

০৫। রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ মামলায় গত ১৭.০৫.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার তথ্যাদি সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য TMED তে প্রেরণ করা হয়েছে। রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ মামলায় ১৭.০৫.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে দায়েরকৃত আপিল নং-৩৮২৪/২০১৮ মামলায় মহোদয় কর্তৃক কী কী পদক্ষেপ গৃহীত হয়েছে এর প্রমাণকসহ সর্বশেষ অবস্থা জানা আবশ্যিক।

০৬। এসমতাবস্থায়, রিট পিটিশন নং-১৭৫৭৬/২০১৭ মামলায় ১৭.০৫.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে দায়েরকৃত আপিল নং-৩৮২৪/২০১৮ মামলায় মহোদয় কর্তৃক কী কী পদক্ষেপ গৃহীত হয়েছে এর প্রমাণকসহ সর্বশেষ অবস্থার তথ্যাদি আগামী ২০.০৮.২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিত্র) ২৫/৭/২০  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।